দৈনিক বাংলা

তারিখ ... ১৫/৫/৭২
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ১



# এ বছর মাদ্রাসায় বিজ্ঞান শিক্ষা কোর্স চালু হবে

সিলেট, ১৩ই মে (বাসস)।— শিক্ষামন্ত্রী ডঃ আবদুল মজিদ খান আজ এখানে বলেন, এ বছর থেকেই মাদ্রাসাগুলোতে বিজ্ঞান কোর্স চালু করা হবে এবং মাদ্রাসা শিক্ষাকে সাধারণ শিক্ষার সমান করার ব্যবস্থা নেয়া হচ্ছে।

তিনি বলেন, এজন্য সারাদেশের বিভিন্ন স্থান থেকে ১৫০টি মাদ্রাসাকে মনোনীত করা হয়েছে এবং বিজ্ঞান কোর্স চালু করার জন্য সর-

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## চালু হবে

(১ম পৃঃ পর)

কার বৈজ্ঞানিক সরঞ্জাম ও উপকরণ পাঠিয়েছেন।

গতকাল তিনি স্থানীয় সরকারী কর্মচারী চিত্তবিনোদন কেন্দ্রে শিক্ষাপ্রতিষ্ঠানসমূহের প্রধানদের উদ্দেশ্যে বক্তৃতা করছিলেন।

জনাব খান বলেন নয়া ব্যবস্থার অধীনে মাদ্রাসা ছাত্ররা সাধারণ শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ভর্তি হতে পারবে; দু'ধরনের শিক্ষাব্যবস্থার মধ্যে সম্মিলন অবশ্যই ঘটাতে হবে।